

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং- ১৮১-আইন/২০১৬/৭৫৭-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ১ এ উল্লিখিত “ও প্রবর্তন” শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) বিধি ৬ এর উপ-বিধি (১) এর টেবিল এর পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

ক্রমিক নং	যে সকল এলাকার জন্য প্রযোজ্য	সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ	মূল্য সংযোজন করের হার	প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	১,৮৬,৬৬৭/- টাকা	১৫%	২৮,০০০/- টাকা
২.	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	১,৩৩,৩৩৪/- টাকা	১৫%	২০,০০০/- টাকা
৩.	জেলা শহরের পৌর এলাকা	৯৩,৩৩৪/- টাকা	১৫%	১৪,০০০/- টাকা
৪.	দেশের অন্যান্য এলাকা	৪৬,৬৬৭/- টাকা	১৫%	৭,০০০/- টাকা

(গ) বিধি ৭ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক) কোন নিবন্ধিত উৎপাদনকারী বা সেবা প্রদানকারী কর্তৃক The Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় শুল্ক অনুবিভাগ কর্তৃক জারিকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ এবং নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক আমদানিকৃত উপকরণ;”।

২। এই প্রজ্ঞাপনের অনুষ্টেদ ১ এর দফা (খ) ১ জুলাই, ২০১৬ তারিখে এবং অন্যান্য দফা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান